# সংবাদ গতিধারা

## জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৩৮/২০১৮-১৯**

**ঢাকা, সোমবার ২৭ আগস্ট ২০১৮, ১২ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মাদার তেরেসা রত্ন সম্মাননা দেওয়া হচ্ছে বঙ্গবন্ধুকে

২। অস্ট্রেলিয়ার নতুন প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। তিন কারণে এবার চামড়ার দাম কম : বাণিজ্যমন্ত্রী

৪। সরকার নতুন চারটি মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণের অনুমোদন দিয়েছে : স্বাস্থ্যমন্ত্রী

৫। সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে ১০ সদস্যের তদন্ত কমিটি গঠন : সেতুমন্ত্রী

৬। সর্বোচ্চ শাস্তি চাওয়া বিচারে হস্তক্ষেপ নয় : তথ্যমন্ত্রী

৭। ভারতের রাষ্ট্রপতির সাথে বাংলাদেশের বিমানমন্ত্রীর সাক্ষাৎ

৮। বড় পুকুরিয়া বিদ্যুৎকেন্দ্রের জন্য সরকার এক লাখ টন কয়লা আমদানির সিদ্ধান্ত নিয়েছে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। সিন্ডিকেটের মাধ্যমে কর্মী নিয়োগ বন্ধ করেছে মালয়েশিয়া

চলমান পাতা

১। **মাদার তেরেসা রত্ন সম্মাননা দেওয়া হচ্ছে বঙ্গবন্ধুকে**

কলকাতার মাদার তেরেসা ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড কমিটি 'মাদার তেরেসা রত্ন' সম্মাননার জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম ঘোষণা করেছে। মাদার তেরেসা'র ১০৮তম জন্মবার্ষিকী উপলক্ষে গতকাল (২৬ আগস্ট রোববার) কলকাতার সত্যজিৎ রায় অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে অ্যাওয়ার্ড কমিটির চেয়ারম্যান অ্যান্থনি অরুণ বিশ্বাস এ ঘোষণা দেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৮) ডেইলি **সান** (পৃ.১,ক.১)

২। **অস্ট্রেলিয়ার নতুন প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অস্ট্রেলিয়ার নতুন প্রধানমন্ত্রী হিসেবে স্কট মরিসন দায়িত্ব গ্রহণ করায় তাঁকে অভিনন্দন জানিয়েছেন। গতকাল (২৬ আগস্ট রোববার) এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, কমনওয়েলথভুক্ত দেশ অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় আপনাকে বাংলাদেশ সরকার, জনগণ এবং আমার নিজের পক্ষ থেকে উষ্ণ অভিনন্দন জানাতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), যুগান্তর (পৃ.২, ক.১), ডেইলি **সান** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)

৩। **তিন কারণে এবার চামড়ার দাম কম : বাণিজ্যমন্ত্রী**

তিন কারণে এবারের ঈদুল আজহার চামড়ার দাম আগের বছরগুলোর তুলনায় কম হয়েছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। শীঘ্রই চামড়ার দাম বাড়বে। গতকাল (২৬ আগস্ট রোববার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সাংবাদিকদের সঙ্গে ঈদপরবর্তী শুভেচ্ছা বিনিময়ের সময় এ কথা বলেন বাণিজ্যমন্ত্রী। বাণিজ্যমন্ত্রী বলেন, চামড়ার দাম কম থাকার কয়েকটা কারণ আছে। এর মধ্যে অন্যতম হচ্ছে ব্যবসায়ীদের কাছে গত বছরের চামড়া রয়ে গেছে। ব্যবসায়ীরা সঠিক সময়ে ব্যাংক ঋণ পাননি। আর সাভারে যেসব চামড়া কারখানা গড়ে ওঠার কথা ছিল, সেগুলো ঠিকমতো প্রস্তুত হতে পারেনি। কাঁচা চামড়া রফতানির বিষয়ে বাণিজ্যমন্ত্রী বলেন, এ সুযোগ দিলে চামড়াশিল্প ধ্বংস হয়ে যাবে। এরকম কোনো পরিকল্পনা সরকারের নেই। সূত্র-সমকাল (পৃ.১২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), অবজারভার (পৃ.১,ক.৮)।

৪। **সরকার নতুন চারটি মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণের অনুমোদন দিয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম জানিয়েছেন, সরকার নতুন চারটি মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণের অনুমোদন দিয়েছে। মাগুরা, নওগাঁ, নীলফামারী ও নেত্রকোনায় এসব মেডিকেল কলেজ প্রতিষ্ঠা করা হবে। এরই মধ্যে অবকাঠামো উন্নয়নকাজ শুরু হয়েছে। ২০১৮-১৯ শিক্ষাবর্ষ থেকে এসব কলেজে আড়াইশ' শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে। গতকাল (২৬ আগস্ট রোববার) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত ঈদ পুনর্মিলনী সভায় এ তথ্য জানান স্বাস্থ্যমন্ত্রী। সূত্র-সমকাল (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), ডেইলি সান (শেষ পৃ,ক.৫)।

৫। **সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে ১০ সদস্যের তদন্ত কমিটি গঠন : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে ১০ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে সড়ক বিশেষজ্ঞদের পরামর্শ এবং তদন্ত রিপোর্ট হাতে পাওয়ার পর বাস্তবসম্মত ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল (২৬ আগস্ট রোববার) ঢাকা-আরিচা মহাসড়কের সাভার মডেল থানাধীন হেমায়েতপুরে এক কোটি টাকা ব্যয়ে ৬শ' মিটারের মধ্যে ৬০টি স্ট্রিট লাইট স্থাপন করে ইন্টারসেকশন আলোকিতকরণের শুভ উদ্বোধন অনুষ্ঠানে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** ( পৃ.২,ক.৫), ডেইলি সান (পৃ.৩,ক.৬)।

৬। **সর্বোচ্চ শাস্তি চাওয়া বিচারে হস্তক্ষেপ নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, কোনো ঘটনার বিচার চলাকালে ক্ষতিগ্রস্তরা সর্বোচ্চ সাজা চাইতেই পারেন। ফাঁসি দাবি করলে তা বিচারে হস্তক্ষেপ হয় না। তিনি বলেন, একুশে আগস্ট গ্রেনেড হামলায় সরাসরি আহত ও ক্ষতিগ্রস্তরা খুনিদের বিচার ও সর্বোচ্চ সাজা দাবি করলেও তা আদালতের ওপর হস্তক্ষেপ হতে পারে না। গতকাল (২৬ আগস্ট রোববার) সচিবালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময়কালে তথ্যমন্ত্রী এ মন্তব্য করেন। বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে ২০০৪ সালের ২১ আগস্ট শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে গ্রেনেড হামলা মামলার বিচার নিয়ে বিএনপি'র প্রতিক্রিয়ার জবাবে তিনি এ কথা বলেন । সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)

৭। **ভারতের রাষ্ট্রপতির সাথে বাংলাদেশের বিমানমন্ত্রীর সাক্ষাৎ**

উপমহাদেশে ধর্মীয় পর্যটন বিকাশে ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সহযোগিতা চেয়েছেন বাংলাদেশের বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী একেএম শাহজাহান কামাল। তিনি গত ২৫ আগস্ট শনিবার নয়াদিল্লীতে রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতকালে এ সহযোগিতা চান। পর্যটনমন্ত্রী একেএম শাহজাহান কামাল ধর্মীয় পর্যটন বিকাশের ওপর গুরুত্বারোপ করে বলেন, উপমহাদেশে পর্যটনের বিকাশে ধর্মীয় পর্যটন একটি অন্যতম অনুষঙ্গ হতে পারে। এক্ষেত্রে উপমহাদেশের বৌদ্ধ ধর্মের ঐতিহ্যবাহী স্থাপনাগুলো হতে পারে গুরুত্বপূর্ণ পর্যটন স্পট। সাক্ষাতকালে তাঁরা আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে দু'দেশের সম্পর্কোন্নয়ন, অর্থনৈতিক সমৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে পর্যটনখাতের কার্যকর ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। নয়াদিল্লীতে অনুষ্ঠিত ষষ্ঠ আন্তর্জাতিক বুড্ডিস্ট সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিতে মন্ত্রী সেখানে অবস্থান করছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৮)।

৮। **বড় পুকুরিয়া বিদ্যুৎকেন্দ্রের জন্য সরকার এক লাখ টন কয়লা আমদানির সিদ্ধান্ত নিয়েছে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বড় পুকুরিয়া বিদ্যুৎকেন্দ্রের জন্য সরকার এক লাখ টন কয়লা আমদানির সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু। প্রতিমন্ত্রী বলেন, জরুরি প্রয়োজন মেটাতে সরকার এক লাখ টন কয়লা আমদানির সিদ্ধান্ত নিয়েছে এবং এ জন্য টেন্ডার হয়ে গেছে। গতকাল (২৬ আগস্ট রোববার) সচিবালয়ে বিদ্যুৎ মন্ত্রণালয়ের সভাকক্ষে ঈদপরবর্তী শুভেচ্ছা বিনিময়শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ,ক.৪), সমকাল (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬) **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৯। **সিন্ডিকেটের মাধ্যমে কর্মী নিয়োগ বন্ধ করেছে মালয়েশিয়া**

স্বচ্ছতার ভিত্তিতে বাংলাদেশ থেকে কর্মী নিয়োগ করতে মালয়েশিয়া আগের সরকারের স্বাক্ষরিত সব চুক্তি বাতিল করেছে। ফলে আগের সরকারের ১০ সদস্যের একটি সিন্ডিকেটের মাধ্যমে কর্মী নিয়োগ বন্ধ হয়ে গেছে। এটা কার্যকর হবে আগামী ১ সেপ্টেম্বর। তবে অল্প সময়ের মধ্যে দুই দেশের মন্ত্রী পর্যায়ের বৈঠক হবে। ঐ বৈঠকে ঠিক হবে কোন্ পদ্ধতিতে কর্মী নিয়োগ করবে মালয়েশিয়া কর্তৃপক্ষ। এ বিষয়ে বিএমইটি'র ডিজি সেলিম রেজা জানিয়েছেন, মালয়েশিয়া সরকার বাংলাদেশ থেকে কর্মী নিয়োগ বন্ধ করেনি। তারা শুধু অনলাইন সিস্টেম সাসপেন্ড করেছে। 'ম্যানুয়াল' পদ্ধতিতে কর্মী নিয়োগ চালু রেখেছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.পৃ, ক.১), সমকাল ( পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** ( পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ :** উপজেলা পর্যায়ে ২৭১টি কলেজ সরকারিকরণের সিদ্ধান্ত প্রায় দুই বছর পর বাস্তবায়িত হওয়ায় বিপুলসংখ্যক সিনিয়র শিক্ষক সরকারি করনের সুযোগ-সুবিধা থেকে বাদ পড়ায় সৃষ্ট জটিলতার অবসান কামনা।

খ. **জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস :** কোরবানি পরবর্তী চামড়ার বাজারে ধস নামায় উদ্বেগ প্রকাশ করে ঘটনার তদন্ত করে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** মালয়েশিয়ায় শ্রমবাজার বন্ধ হওয়ার নিষেধাজ্ঞাকে সুযোগ হিসেবে কাজে লাগিয়ে মাহাথির মোহাম্মদের নেওয়া পদক্ষেপকে নেতিবাচক দিক থেকে নয়, বরং নতুন করে শুরু করার একটি উপলক্ষ হিসেবে দেখাই সব থেকে সমীচীন হবে বলে অভিমত।

ঘ. **সমকাল :** শর্ত ভঙ্গকরে ঢাকা-রাজশাহী মহাসড়কের সিরাজগঞ্জে নলকা সেতুর ফুলজোড় নদী থেকে অপরিকল্পিতভাবে বালু উত্তোলন করার ঘটনার প্রতিকার নিশ্চিত করার পাশাপাশি এ ব্যাপারে দেশের অন্যান্য স্থানেও নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** স্বাস্থ্যখাতে ব্যয়বরাদ্দ বৃদ্ধির পাশাপাশি সব ধরনের স্বাস্থ্যসেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট, অবজারভার, সমকাল :** রোহিঙ্গা সঙ্কট সমাধানে বিদ্যমান পরিস্থিতিতে আন্তর্জাতিক চাপ বাড়ানোসহ রোহিঙ্গাদের মানবিক সহায়তাও অব্যাহত রাখা সমান গুরুত্বপূর্ণ বলে অভিমত ।

ছ. **ডেইলি সান, ডেইলি স্টার, নিউ এজ, সংবাদ, ইনকিলাব,ভোরের কাগজ :** ঈদের ছুটিতে দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনায় নিহতের ঘটনা তুলে ধরে সড়ক দুর্ঘটনা কমাতে পরিবহণ খাতের গডফাদারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি স্টার:** যমুনা নদীর পাড়ে সিরাজগঞ্জে মিনি-গ্রিড সোলার সিস্টেমের অভূতপূর্ব সাফল্য তুলে ধরে দেশের বিভিন্ন দুর্গম এলাকায় এ ধরনের মিনি-গ্রিড সোলার সিস্টেম স্থাপনের প্রত্যাশা।

ঝ. **নিউ নেশন:** গাজীপুর থেকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত ২০.৫ কিলোমিটার দীর্ঘ সড়কে র‍্যাপিড বাস সার্ভিস চালুর লক্ষ্যে গৃহীত প্রজেক্টের কাজ ছয় বছরে মাত্র ২০ শতাংশ বাস্তবায়ন হওয়ায় জনদুর্ভোগ লাঘবে অবশিষ্ট কাজ দ্রুত শেষ করার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বঙ্গবন্ধুর জীবন ও কর্মের আলোকে দেশকে এগিয়ে নেওয়ার ব্রতে উজ্জীবিত করার বিকল্প নেই।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'অর্থনৈতিক উন্নয়নের শর্ত '** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অর্থনৈতিক উন্নয়ন মানুষের কল্যাণভাবনাতেই নিবেদিত হওয়ায় সব মানুষের দ্বারা কর্তব্যকর্ম সুচারুরূপে সম্পাদনের মাধ্যমে সমাজ সমৃদ্ধি লাভ করে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা